

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৩৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, রমযান হয়তো ৩০ দিনের কম হয় না ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْعِلْمِ أَنَّ شَهْرَ رَمَضَانَ لَا يَنْقُصُ عَنْ تَمَام ثَلَاثِينَ فِي

الْعَدَد

আরবী

3439 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ اللهِ صَلَّى سُلَيْمَانَ عَنْ خَالِدِ الْحَذَّاءِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ: عَنْ أَبِي بَكْرَةَ أَنَّ نَبِيَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (شَهْرَا عيدٍ لَا يَنْقُصَانِ: رَمَضَانُ وَذُو الحجة)

الراوي: أَبُو بَكْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3439 ا خلاصة حكم المحدث: صحيح: ق -.

قَالَ أَبُو حَاتِمٍ: لِهَذَا الْخَبَرِ مَعْنَيَانِ أَحَدُهُمَا: أَنَّ شَهْرًا عِيدٍ لَا يَنْقُصَانِ فِي الْحَقِيقَةِ وَإِنْ نَقْصَا عِنْدَنَا فِي رَأْيِ الْعَيْنِ عِنْدَ الْحَائِلِ بَيْنَنَا وَبَيْنَ رُوْيَةِ الْهِلَالِ لِغَبَرَةٍ أَنْ ضَبَابٍ. وَالْمَعْنَى الثَّانِي: أَنَّ شَهْرًا عِيدٍ لَا يَنْقُصَانِ فِي الْفَضْلِ يُرِيدُ أَنَّ عَشْرَ ذِي الْحِجَّةِ فِي الْفَضْل كَشَهْرِ رَمَضَانَ وَالدَّلِيلُ عَلَى هَذَا قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مِنْ أَيَّامٍ الْعَمَلُ فِيهَا أَفْضَلُ مِنْ عَشْرِ ذِي الحجة) قيل: يارسول اللَّهِ وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ؟ قَالَ: (وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ)

বাংলা

৩৪৩৯. আবু বাকরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "ঈদের দুই মাস অর্থাৎ রমযান ও যিলহজ্জ মাসে (সাওয়াবের) কোন কমতি হয় না।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটির দুটো অর্থ রয়েছে। প্রথমত, প্রকৃত পক্ষে এই দুই



মাস ৩০ দিনের কম হয় না। যদিও আকাশে মেঘ বা ধুলার অন্তরায় থাকার কারণে আমাদের দৃষ্টিতে কম হতে পারে।

দ্বিতীয়ত, ফ্যীলতের ক্ষেত্রে এই দুই মাস কম হয় না। এর দ্বারা উদ্দেশ্য হলো, যুল হিজ্জাহ মাসের মাঝে দশ দিন মর্যাদার ক্ষেত্রে রম্যান মাসের মতই। এর দলীল হলো, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য, "এমন কোন দিন নেই, যাতে আমল যুল হিজ্জাহ মাসের ১০ দিনের আমল অপেক্ষা উত্তম হতে পারে।" আরজ করা হলো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আল্লাহর রাস্তায় জিহাদ করাও নয়?" জবাবে তিনি বলেন, "আল্লাহর রাস্তায় জিহাদও নয়।"

ফুটনোট

[1] মুসনাদ আত তায়ালিসী: ৮৬৩; মুসনাদ আহমাদ: ৫/৪৭; শারহু মা'আনিল আসার: ২/৫৮; সহীহ আল বুখারী: ১৯১২; সহীহ মুসলিম: ১০৮৯; সুনান বাইহাকী: ৪/২৫০; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৭১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন